

ইউসুফ যৌবনে পদার্পণ করলেন

আযীযে মিছরের গৃহে কয়েক বছর পুত্র
স্নেহে লালিত পালিত হয়ে ইউসুফ
অতঃপর যৌবনে পদার্পণ করলেন।

আল্লাহ বলেন,

وَلَمَّا بَلَغَ أَشُدَّهُ آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا وَكَذَلِكَ نَجْزِي
- (المُحْسِنِينَ - (يوسف

‘অতঃপর যখন সে পূর্ণ যৌবনে পৌঁছে
গেল, তখন আমরা তাকে প্রজ্ঞা ও
ব্যুৎপত্তি দান করলাম। আমরা এভাবেই
সৎকর্মশীলদের প্রতিদান দিয়ে থাকি’
(ইউসুফ ১২/২২)।

উক্ত আয়াতে দু’টি বিষয় বর্ণিত হয়েছে।
পূর্ণ যৌবন প্রাপ্তি এবং প্রজ্ঞা ও ব্যুৎপত্তি

লাভ করা। সকলে এ বিষয়ে একমত যে, প্রজ্ঞা ও ব্যুৎপত্তি লাভের অর্থ হ'ল নবুঅত লাভ করা। আর সেটা সাধারণতঃ চল্লিশ বছর বয়সে হয়ে থাকে। অন্যদিকে পূর্ণ যৌবন লাভ তার পূর্বেই হয়। যা বিশ বছর থেকে ত্রিশ বা তেত্রিশের মধ্যে হয়ে থাকে। হযরত ইবনু আববাস, মুজাহিদ, ক্বাতাদাহ প্রমুখ বিদ্বান তেত্রিশ বছর বলেছেন এবং যাহহাক বিশ বছর বলেছেন। যাহহাক সম্ভবতঃ প্রথম যৌবন এবং ইবনু আববাস পূর্ণ যৌবনের কথা বলেছেন।

এক্ষণে ইউসুফের প্রতি যুলায়খার আসক্তির ঘটনা নবুঅত লাভের পূর্বের না পরের, এ বিষয়ে বিদ্বানগণ একমত নন। আমাদের প্রবল ধারণা এই যে, যদিও যৌবন ও নবুঅতের কথা একই আয়াতে বর্ণিত

হয়েছে। তথাপি ঘটনা একই সময়ের নয়।
নবুঅত তিনি চল্লিশ বছর বয়সেই
পেয়েছেন ধরে নিলে যুলায়খার ঘটনা
অবশ্যই তার পূর্বে তার পূর্ণ যৌবনেই
ঘটেছে। কারণ ঐ সময় ইউসুফের রূপ-
লাবণ্য নিশ্চয়ই শৈশবের ও প্রৌঢ় বয়সের
চাইতে বেশী ছিল, যা যুলায়খার ধৈর্যচ্যুতি
ঘটায়। অথচ ইউসুফের চরিত্রের কোন
পরিবর্তন ঘটেনি। কেননা নবীগণ
ছোটবেলা থেকেই পাপ হ'তে পবিত্র
থাকেন।

যৌবনের মহা পরীক্ষায় ইউসুফ

রূপ-লাবণ্যে ভরা ইউসুফের প্রতি মন্ত্রীপত্নী
যুলায়খার অন্যায় আকর্ষণ জেগে উঠলো।
সে ইউসুফকে খারাব ইঙ্গিত দিতে লাগল।
এ বিষয়ে আল্লাহ বলেন,

وَرَاوَدَتْهُ الَّتِي هُوَ فِي بَيْتِهَا عَنْ نَفْسِهِ وَغَلَّقَتِ الْأَبْوَابَ
وَقَالَتْ هَيْتَ لَكَ قَالَ مَعَاذَ اللَّهِ إِنَّهُ رَبِّي أَحْسَنَ مَثْوَايَ إِنَّهُ
لَا يُفْلِحُ الظَّالِمُونَ - وَلَقَدْ هَمَّتْ بِهِ وَهَمَّ بِهَا لَوْلَا أَنْ رَأَى
بُرْهَانَ رَبِّهِ كَذَلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوءَ وَالْفَحْشَاءَ إِنَّهُ مِنْ
عِبَادِنَا الْمُخْلَصِينَ - وَاسْتَبَقَا الْبَابَ وَقَدَّتْ قَمِيصَهُ مِنْ دُبُرٍ
وَأَلْفَا سَيِّدَهَا لَدَى الْبَابِ قَالَتْ مَا جَزَاءُ مَنْ أَرَادَ بِأَهْلِكَ
سُوءًا إِلَّا أَنْ يُسْجَنَ أَوْ عَذَابٌ أَلِيمٌ - قَالَ هِيَ رَاوَدْتَنِي عَنْ
نَفْسِي وَشَهِدَ شَاهِدٌ مِّنْ أَهْلِهَا إِنْ كَانَ قَمِيصُهُ قُدًّا مِنْ قَبْلِ
فَصَدَقْتَ وَهُوَ مِنَ الْكَاذِبِينَ - وَإِنْ كَانَ قَمِيصُهُ قُدًّا مِنْ دُبُرٍ
فَكَذَبْتَ وَهُوَ مِنَ الصَّادِقِينَ - فَلَمَّا رَأَى قَمِيصَهُ قُدًّا مِنْ دُبُرٍ

قَالَ إِنَّهُ مِنْ كَيْدِكُنَّ إِنَّ كَيْدَكُنَّ عَظِيمٌ - يُوسُفُ أَعْرَضَ عَنْ
هَذَا وَاسْتَغْفِرِي لِذَنبِكِ إِنَّكِ كُنْتِ مِنَ الْخَاطِئِينَ - (يوسف
٢٧-٢٨-)

‘আর সে যে মহিলার বাড়ীতে থাকত, ঐ
মহিলা তাকে ফুসলাতে লাগল এবং
(একদিন) দরজা সমূহ বন্ধ করে দিয়ে
বলল, কাছে এসো! ইউসুফ বলল, আল্লাহ
আমাকে রক্ষা করুন! তিনি (অর্থাৎ
আপনার স্বামী) আমার মনিব। তিনি
আমার উত্তম বসবাসের ব্যবস্থা করেছেন।
নিশ্চয়ই সীমা লংঘনকারীগণ সফলকাম
হয় না’ (২৩)। ‘উক্ত মহিলা তার বিষয়ে
কুচিন্তা করেছিল এবং ইউসুফ তার প্রতি
(অনিচ্ছাকৃত) কল্পনা করেছিল। যদি না সে
স্বীয় পালনকর্তার প্রমাণ অবলোকন করত’
(অর্থাৎ আল্লাহ নির্ধারিত উপদেশদাতা

‘নফসে লাউয়ামাহ’ তথা শাণিত বিবেক
যদি তাকে কঠোরভাবে বাধা না দিত)।

এভাবেই এটা এজন্য হয়েছে যাতে আমরা
তার থেকে যাবতীয় মন্দ ও নির্লজ্জ বিষয়
সরিয়ে দেই। নিশ্চয়ই সে আমাদের
মনোনীত বান্দাগণের একজন’ (২৪)।

‘তারা উভয়ে ছুটে দরজার দিকে গেল এবং
মহিলাটি ইউসুফের জামা পিছন দিক
থেকে ছিঁড়ে ফেলল। উভয়ে মহিলার
স্বামীকে দরজার মুখে পেল। তখন
মহিলাটি তাকে বলল, যে ব্যক্তি তোমার
স্ত্রীর সাথে অন্যায় বাসনা করে, তাকে
কারণারে নিষ্ফেপ করা অথবা (অন্য
কোন) যন্ত্রণাদায়ক শাস্তি দেওয়া ব্যতীত
আর কি সাজা হ’তে পারে’? (২৫)।

‘ইউসুফ বলল, সেই-ই আমাকে (তার

কুমতলব সিদ্ধ করার জন্য) ফুসলিয়েছে।
তখন মহিলার পরিবারের জনৈক ব্যক্তি
সাক্ষ্য দিল যে, যদি ইউসুফের জামা
সামনের দিকে ছেঁড়া হয়, তাহ'লে মহিলা
সত্য কথা বলেছে এবং ইউসুফ মিথ্যাবাদী'
(২৬)। 'আর যদি তার জামা পিছন দিক
থেকে ছেঁড়া হয়, তবে মহিলা মিথ্যা বলেছে
এবং ইউসুফ সত্যবাদী' (২৭)। 'অতঃপর
গৃহস্বামী যখন দেখল যে, ইউসুফের জামা
পিছন দিক থেকে ছেঁড়া, তখন সে (স্বীয়
স্ত্রীকে উদ্দেশ্য করে) বলল, এটা তোমাদের
ছলনা। নিঃসন্দেহে তোমাদের ছলনা খুবই
মারাত্মক' (২৮)। (অতঃপর তিনি
ইউসুফকে সান্ত্বনা দিয়ে বললেন,)
'ইউসুফ! এ প্রসঙ্গ ছাড়। আর হে মহিলা!
এ পাপের জন্য ক্ষমা প্রার্থনা কর।

নিশ্চিতভাবে তুমিই পাপাচারিনী' (ইউসুফ
১২/২৩-২৯)।